

নথি নং-০৮.০১.৮৫০০.২০২.২২.০০১.১৯(অংশ-১)/

তারিখঃ ১০/০৩/২০২৬ খ্রিস্টাব্দ

**“অফিস আদেশ”**

মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নং-০৪.০০.০০০০.০০০.৫১৩.১৮.০০০১.২৬.৭০, তারিখঃ ০২/০৩/২০২৬ খ্রি. এর মাধ্যমে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সদর দপ্তর, রংপুর এবং এর আওতাধীন সকল দপ্তরে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণের নিম্নোক্ত বিষয়াদি পরিপালনের নির্দেশনা রয়েছে যথা:

ক। কর্মকর্তা/কর্মচারীগণ অফিসে আগমনকালে পথিমধ্যে দাপ্তরিক বা ব্যক্তিগত বিভিন্ন কর্মসূচিতে সম্পৃক্ত হওয়ার কারণে নির্ধারিত সময়ে অফিসে উপস্থিত থাকেন না। এর ফলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর সঙ্গে জনসাধারণ ও অন্যান্য দপ্তরের প্রয়োজনীয় যোগাযোগ ব্যাহত হয়; যা নাগরিক সেবা প্রদান, প্রশাসনিক কার্যক্রমের গতি এবং সরকারের ভাবমূর্তির ওপর বিরূপ প্রভাব ফেলে;

খ। বর্ণিত অবস্থায়, সেবাগ্রহণকারী নাগরিকদের সুবিধা, প্রশাসনিক গতিশীলতা ও আন্তঃদপ্তর সমন্বয় বৃদ্ধির লক্ষ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সদর দপ্তর, রংপুর এবং এর আওতাধীন সকল দপ্তরে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী প্রতিদিন সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত আবশ্যিকভাবে নিজ অফিস কক্ষে অবস্থান করবেন। দাপ্তরিক কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রেও উক্ত সময়সীমা বিঘ্নিত না হয়, সে বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সতর্ক থাকবেন;

গ। সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এবং সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সদর দপ্তর, রংপুর এবং এর আওতাধীন সকল দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নির্ধারিত সময়ে নিজ দপ্তরে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করা বাধ্যতামূলক; এবং

ঘ। কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত কর্মকর্তা-কর্মচারীগণ কর্মস্থল ত্যাগ করতে পারবেন না। কর্তৃপক্ষকে না জানিয়ে দাপ্তরিক কাজ ছাড়া অফিস সময়ে নিজ দপ্তর ত্যাগ করতে পারবেন না।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

স্বাঃ

(মোহাম্মদ সফিউর রহমান)

কমিশনার (চলতি দায়িত্ব)

ফোন: ০২৫৮৯৯৬৪১১১

cevc.rangpur@nbr.gov.bd

নথি নং-০৮.০১.৮৫০০.২০২.২২.০০১.১৯(অংশ-১)/৬২৪(ন)

তারিখঃ ০৪/০৩/২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়]

- ১। প্রথম সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ~~রংপুর~~ আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
- ২। যুগ্ম কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।
- ৩। উপ/সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট/বিভাগ/স্থল কাস্টমস স্টেশন,.....।
- ৪। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।
- [আদেশটি এ কমিশনারেটের ওয়েবসাইট (www.rangpurvat.gov.bd) এ প্রকাশের অনুরোধসহ।
- ৫। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট/বিভাগ/সার্কেল/স্থল কাস্টমস স্টেশন,.....।
- ৬। সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট/বিভাগ/সার্কেল/স্থল কাস্টমস স্টেশন,.....।
- ৭। শাখা সহকারী, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট/বিভাগ/সার্কেল/স্থল কাস্টমস স্টেশন,.....।
- ৮। উপ পরিদর্শক/সিপাই, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট/বিভাগ/সার্কেল/স্থল কাস্টমস স্টেশন,.....।
- ৯। গাড়িচালক/অফিস সহায়ক/নৈশ প্রহরী, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট/বিভাগ/সার্কেল/স্থল কাস্টমস স্টেশন,.....।

(মোহাম্মদ সফিউর রহমান)  
কমিশনার (চলতি দায়িত্ব)

০৪/০৩  
২০২৬